

## পরিবেশগত চর্চাসমূহ-

'সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)'- এর আওতায় ক্ষুদ্র উদ্যোগের পরিবেশের উন্নয়নের প্র্যাকটিস সমূহঃ

প্র্যাকটিস	এসইপি প্রকল্পের আওতায় ক্ষুদ্র উদ্যোগের জন্য প্রস্তুতকৃত অঙ্গীকারনামা উল্লিখিত পরিবেশের উন্নয়নে বাস্তবায়িত কর্মকাণ্ডকে প্র্যাকটিস হিসেবে গণ্য করা হবে। যেমন: শব্দ দূষণ রোধে ভিন্ন ভিন্ন কর্মকাণ্ড সমূহের সমন্বয়ে একটি প্র্যাকটিস হিসেবে গণ্য হবে। আবশ্যকরীয় প্র্যাকটিস সমূহকে রিসোর্স এফিসিয়েন্ট, পরিবেশ দূষণ (মাটি, পানি, শব্দ, বায়ু) রোধ ও জলবায়ু সহিষ্ণু হতে হবে।
প্র্যাকটিস (১-২০)	প্র্যাকটিস সমূহের বিবরণ
প্র্যাকটিস -১	কর্মক্ষেত্রে কর্মী ও শ্রমিকদের স্বাস্থ্য সুরক্ষার জন্য গৃহীত পদক্ষেপ সমূহ। যেমন: বিভিন্ন বর্জ্য পোল্ট্রি লিটার, গোবর, ক্ষতিকর উপাদান (রং, কেমিক্যাল, এসিড), গন্ধ, তাপ ও অগ্নি শিখা ইত্যাদির কারণে স্বাস্থ্যগত ক্ষতি না হয় সেজন্য হাতে গ্লোভস্ (হাত মোজা), মাস্ক (মুখোশ), এপ্রোন, ও চশমা (সেফটি গ্লাস) ব্যবহার নিশ্চিত করা। অথবা বিভিন্ন সংক্রামক ব্যাধি থেকে উদ্যোগে কর্মরতদের সুরক্ষা করা।
প্র্যাকটিস -২	প্রাথমিক চিকিৎসা সেবা নিশ্চিতকরার জন্য গৃহীত পদক্ষেপ। প্রাথমিক স্বাস্থ্য চিকিৎসার জন্য ফাস্ট এইড বক্স এর ব্যবস্থা করা।
প্র্যাকটিস -৩	অগ্নি নিরাপত্তামূলক ব্যবস্থা (মাটি, বালি ও পানি) সমূহের আয়োজন করা।
প্র্যাকটিস -৪	কর্মীদের মুখ, হাত ও পা ধোয়ার জন্য পরিষ্কার পানির ব্যবস্থা করা। কর্মীদের জন্য স্বাস্থ্যকর টয়লেট এবং নিরাপদ পানীয় জলের ব্যবস্থা করা।
প্র্যাকটিস -৫	কর্মক্ষেত্রে ও প্রাণীর শেডে আলো-বাতাস চলাচলের ব্যবস্থা করা। যেমন: লাইট ও ফ্যান বসানো, জানালা অথবা ভেন্টিলেশনের ব্যবস্থা করা।
প্র্যাকটিস -৬	বিদ্যুৎ সশ্রয় ও পর্যাপ্ত আলোর জন্য শেডের ছাদে ট্রান্সপারেন্ট চাল ব্যবহার করা। শেডের ছাদে তাপ নিরোধক (ইনসুলেটর) ব্যবহার করা হয়।
প্র্যাকটিস -৭	কর্মক্ষেত্রে কর্মীদের মাথার উপরের স্থানে ভারী কোন বস্তুর মজুদ থাকলে তা অপসারণ করা।
প্র্যাকটিস -৮	শ্রমিকদের/ কর্মীদের বিশ্রাম ও খাবার গ্রহণের জন্য আলাদা জায়গার ব্যবস্থা করা।
প্র্যাকটিস -৯	উদ্যোগে নবায়নযোগ্য জ্বালানী হিসেবে সোলার প্যানেল ব্যবহার করা।
প্র্যাকটিস -১০	উদ্যোগে পানি দূষণ রোধে গৃহীত কর্মকাণ্ডসমূহ। যেমন: শেডের চারদিকের ড্রেন পরিষ্কার ও নালায় উন্নয়ন করা। পানি গড়িয়ে পড়ার জন্য পোল্ট্রি শেডের মেঝে ঢালু (স্লান্টিং) করা। প্রাণীদের আবাসস্থল/শেড পরিষ্কারের জন্য ড্রেনের ব্যবস্থা করা।
প্র্যাকটিস -১১	নিরাপদ পণ্য উৎপাদন, সংরক্ষণ, মোড়কজাতকরণ, পরিবহণ ও বাজারজাতকরণ ইত্যাদি। পণ্য উৎপাদনে ক্ষতিকর/ রোগাক্রান্ত পশুকে আলাদা রাখাকেও বোঝানো হয়েছে। যেমন: গবাদিপশু থেকে উৎপাদিত পণ্যের (মাংস ও দুগ্ধ) মান ভাল হবার জন্য সবুজ ঘাস খাওয়ানো। নতুন ক্রয়কৃত সংক্রামক রোগাক্রান্ত পশু আলাদা রাখা। গুণগত ও ভালো মানের কাঁচামাল/ ইনপুট (রং, ক্যামিক্যাল ও এসিড) ব্যবহার করা। পণ্যের নিরাপত্তার জন্য কাঁচামাল ও উৎপাদিত পণ্য নিরাপদ স্থানে সংরক্ষণ করা। পণ্য উৎপাদনে জাতীয় ও আন্তর্জাতিক স্ট্যান্ডার্ড প্রোটোকল মেনে চলা ইত্যাদি।
প্র্যাকটিস -১২	ন্যাচারাল/ অর্গানিক উপায়ে পণ্য উৎপাদন করা হবে। পরিবেশ বান্ধব পণ্য ব্যবহার (ইনপুট ও মোড়কজাতকরণে)।
প্র্যাকটিস -১৩	উদ্যোগে সৃষ্ট বায়ু দূষণ রোধে গৃহীত কর্মকাণ্ডসমূহ।
প্র্যাকটিস -১৪	উদ্যোগে সৃষ্ট শব্দ দূষণ রোধে গৃহীত কর্মকাণ্ডসমূহ।
প্র্যাকটিস -১৫	উদ্যোগে সৃষ্ট বর্জ্য ব্যবস্থাপনায় গৃহীত কর্মকাণ্ডসমূহ। যেমন বর্জ্য (জৈব বর্জ্য) থেকে কম্পোস্ট সার/বায়োগ্যাস, পুনঃব্যবহারযোগ্য পণ্য উৎপাদন, বর্জ্য ব্যবস্থাপনার জন্য পিট তৈরি ইত্যাদি।
প্র্যাকটিস -১৬	জলবায়ু পরিবর্তন রোধে উদ্যোগসমূহ।
প্র্যাকটিস -১৭	সচেতনতা নোটিশ সংক্রান্ত (শব্দ, মাটি, বায়ু ও পানি দূষণ এবং শিশুশ্রম প্রতিরোধে করণীয়; অগ্নিনির্বাপন ও প্রাথমিক চিকিৎসা ইত্যাদি সংক্রান্ত নোটিশ প্রদান করা।
প্র্যাকটিস -১৮	দক্ষতা ও সচেতনতা বৃদ্ধিমূলক কর্মকাণ্ড।
প্র্যাকটিস -১৯	বিবিধ (উদ্যোগের পণ্যের গুণগতমান বৃদ্ধি ও ব্যবসার ঝুঁকি মোকাবেলার জন্য উন্নত প্রযুক্তি/ মেশিনারিজ/ কাঁচামাল পরিবর্তন ও পরিবর্তনের তালিকা)
প্র্যাকটিস -২০	অন্যান্য